

মজার গণিত

গণিত নিয়েই সব কিছু। গণিতের দুর্লভ যত প্রমাণসমূহ, মজার মজার সমস্যা এবং সমাধান!


দুই অংকবিশিষ্ট যেকোন দুটি সংখ্যাকে মুখে মুখে গুণ!

আজকে আমরা শিখবো কীভাবে কোন ক্যালকুলেটরের সাহায্য ছাড়াই দুই অংকবিশিষ্ট যেকোনো দুটি সংখ্যাকে মুখে মুখে গুণ করা যায়!

প্রথমেই দুই অংকবিশিষ্ট যেকোনো দুটি সংখ্যা নিই। যেমনঃ ১২ এবং ৩৪

আমরা এখন 12×34 এর মান মুখে মুখে বের করা শিখবো...


প্রথম ধাপঃ ১২ এর ১ম ও ২য় সংখ্যার সাথে ৩৪ এর ১ম ও ২য় সংখ্যার গুণফল হবে " 12×34 " এর গুণফলের ১ম এবং শেষ সংখ্যা। নিচের চিত্র হতে পরিস্কারভাবে বুঝুন...



শেষ ধাপঃ এবার, ১২ এর ১ম সংখ্যার সাথে ৩৪ এর ২য় সংখ্যা এবং ১২ এর ২য় সংখ্যার সাথে ৩৪ এর ১ম সংখ্যা গুণ করে এদের যোগ করতে হবে অর্থাৎ, $(1 \times 4) + (2 \times 3) = 10$

এই যোগফল বসবে " 12×34 " এর গুণফলের ৩ ও ৮ এর মাঝে কিন্তু, যোগফল যদি ১ অংকের বেশি হয়, তবে যোগফলের ২য় অংক বসবে " 12×34 " এর গুণফলের ৩ ও ৮ এর মাঝে এবং যোগফলের ১ম সংখ্যা গুণফলের ১ম সংখ্যার সাথে যোগ করতে হবে। এখানে, যোগফল ১০. অর্থাৎ, শূন্য (০) বসবে " 12×34 " এর গুণফলের ৩ ও ৮ এর মাঝে এবং ১০ এর ১ যোগ হবে গুণফলের ৩ এর সাথে মানে, $3+1=4$

নিচের চিত্রে পরিস্কারভাবে দেয়া হল...



অতএব, নির্ণেয় গুণফল ৪০৮. বিশ্বাস না হলে ক্যালকুলেটরে গুণফলটি বের করে দেখুন!

মাহবুব অর রশিদ

সব ধরনের ই-বুক ডাউনলোডের জন্য
MyMahbub.Com

